

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৩৭. কুর'আন মাজীদ নিয়ে কারোর সাথে যে কোনভাবে ঝগড়ায় লিপ্ত হওয়া

আবু সা'ঈদ্ খুদরী (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْجِدَالِ فِي الْقُرْآنِ

''রাসূল (সা.) কুর'আন মাজীদ নিয়ে কারোর সাথে যে কোনভাবে ঝগড়ায় লিপ্ত হতে নিষেধ করেছেন''।[1] আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تُجَادِلُوا فِي الْقُرْآنِ فَإِنَّ جِدَالاً فِيهِ كُفْرٌ

"তোমরা কুর'আন নিয়ে পরস্পর ঝগড়া করো না। কারণ, কুর'আন নিয়ে ঝগড়া করা নিশ্চয়ই কুফরি"। (ত্বায়ালিসী, হাদীস ২২৮৬ বায়হাক্বী/শু'আবুল্-ঈমান, হাদীস ২২৫৭)

>

ফুটনোট

[1] (স্বা'হীহুল-জা'মি', হাদীস ৬৮৭৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11590

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন